অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/10/2021 **গভর্নর ক্যাথি হোকল**

স্টেটব্যাপী কোভিড-19 এর কেস ও হাসপাতালে ভর্তির সংখ্যা বৃদ্ধি পেতে থাকায় শীতকালীন সংক্রমণ বৃদ্ধি মোকাবেলা এবং ব্যবসায়িক কর্মকাণ্ড বিঘ্নিত হওয়া প্রতিরোধ করতে গভর্নর হোকলের বড় ধরনের পদক্ষেপ গ্রহণের ঘোষণা

শীতকালীন সংক্রমণ বৃদ্ধির ব্যাপারে নিউ ইয়র্কবাসীদের হতাশার কথা উল্লেখ করে হোকল বলেন আমাদের এখানে থাকার কথা ছিল না কিন্তু আমরা রয়েছি

80% এরও বেশি নিউ ইয়র্কবাসী পুরোপুরিভাবে টিকাপ্রাপ্ত হওয়ায় এবং সঠিক কাজটি করায় হোকল তাদেরকে ধন্যবাদ জানান

নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য সুরক্ষিত রাখতে, ব্যবসা প্রতিষ্ঠান ও ভেন্যুগুলোকে অবশ্যই মাস্ক পরিধানের বাধ্যবাধকতা কার্যকর করতে হবে অথবা পুরোপুরিভাবে টিকাপ্রাপ্ত হওয়ার প্রমাণ দেখানো আবশ্যক করতে হবে

হোকল ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে মাস্ক পরিধান অথবা টিকা গ্রহণ আবশ্যক করার বিকল্প দিয়েছেন

15 জানুয়ারি 2022 তারিখে স্টেট পদক্ষেপটি পুনর্মূল্যায়ন করবে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে ব্যবসা প্রতিষ্ঠানগুলো বা ভেন্যুগুলো টিকাগ্রহণ আবশ্যক হওয়ার নিয়ম বাস্তবায়ন না করলে ঘরের ভেতরে জনসমাগমের স্থানগুলোতে মাস্ক পরিধান করা আবশ্যক করা হবে। এটি উল্লেখযোগ্য ও উচ্চ সংক্রমণের কমিউনিটিগুলোর জন্য CDC-এর পরামর্শের সাথে সঙ্গতি রক্ষা করতে স্টেটব্যাপী কোভিড-19 কেস ও হাসপাতালে ভর্তির সংখ্যা বৃদ্ধির সময়ে শীতকালীন সংক্রমণ বৃদ্ধি মোকাবেলার জন্য গৃহীত একটি বৃহৎ পদক্ষেপ। স্টেটের স্বাস্থ্য কমিশনার বাধ্যবাধকতাগুলো নির্দিষ্ট করে দিয়ে একটি সিদ্ধান্ত ঘোষণা করেছেন।

এই সিদ্ধান্ত স্টেটের সাপ্তাহিক সাত-দিনের কেসের হার এবং হাসপাতালে ভর্তির সংখ্যা বৃদ্ধির ভিত্তিতে ঘোষণা করা হয়েছে। ব্যবসা প্রতিষ্ঠান ও ভেন্যুগুলোর জন্য এই নতুন বাধ্যবাধকতাগুলো গ্রাহক ও কর্মী উভয়ের জন্য প্রযোজ্য হবে। এই পদক্ষেপ 13 ডিসেম্বর, 2021 তারিখ থেকে 15 জানুয়ারি, 2022 তারিখ পর্যন্ত কার্যকর থাকবে, তারপর সাম্প্রতিক অবস্থার উপর ভিত্তি করে স্টেট পুনরায় মূল্যায়ন করবে। ছুটির মৌসুমে যখন কেনাকাটা করা, একত্রিত

হওয়া, ও অবকাশ যাপনের থিমসমৃদ্ধ গন্তব্যগুলো ভ্রমণ করার মাধ্যমে ভবনের ভেতরে আরো বেশি সময় কাটানো হচ্ছে, সে সময়ে এই নতুন পদক্ষেপগুলো প্রশমনের বাড়তি ব্যবস্থা যোগ করছে।

"গভর্নর হিসেবে আমার দুইটি শীর্ষ অগ্রাধিকার হলো নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য সুরক্ষিত রাখা এবং আমাদের অর্থনীতির স্বাস্থ্য সুরক্ষিত রাখা। আজ আমি যে অস্থায়ী পদক্ষেপগুলো গ্রহণ করছি এগুলো ছুটির মৌসুম পার করতে সাহায্য করবে। আমাদের এই শীতকালীন সংক্রমণ বৃদ্ধির সম্মুখীন হওয়ার কথা ছিল না, বিশেষ করে যেখানে আমাদের কাছে টিকা লভ্য রয়েছে, এবং আমি অন্য অনেক নিউ ইয়র্কবাসীর মতোই হতাশা বোধ করছি যে আমরা এখনো এই মহামারী কাটিয়ে উঠতে পারিনি," **বলেছেন গভর্নর হোকল।** "80 শতাংশের বেশি নিউ ইয়র্কবাসী যারা পুরোপুরিভাবে টিকা গ্রহণ করে সঠিক কাজটি করেছেন তাদেরকে আমি ধন্যবাদ জানাতে চাই। যদি অন্যরাও তাদের অনুসরণ করেন, তাহলে এসব পদক্ষেপ গ্রহণের প্রয়োজন হবে না।"

"আমি কয়েক সপ্তাহ ধরে সতর্ক করেছি যে বাড়তি পদক্ষেপ গ্রহণ করার প্রয়োজন দেখা দিতে পারে, এবং তিনটি পরিমাপের ভিত্তিতে আমরা এখন সে পর্যায়ে পৌঁছে গেছি: আক্রান্তের সংখ্যা বৃদ্ধি, হাসপাতালের ধারণক্ষমতা কমে যাওয়া, এবং নির্দিষ্ট কিছু অঞ্চলে অপর্যাপ্ত টিকাগ্রহণের হার," **বলেছেন গভর্নর হোকল।**

থ্যাঙ্কসগিভিং এর সময় থেকে, স্টেটব্যাপী সাত-দিনের গড় কেসের হার 43% বৃদ্ধি পেয়েছে এবং হাসপাতালে ভর্তির সংখ্যা 29% বৃদ্ধি পেয়েছে। যদিও পুরোপুরিভাবে টিকাপ্রাপ্ত নিউ ইয়র্কবাসীদের সংখ্যা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে—থ্যাঙ্কসগিভিং এর উইকএন্ড থেকে এখন পর্যন্ত 2% বৃদ্ধি পেয়েছে—এই বৃদ্ধি ভাইরাসের বিস্তার প্রশমন করার মতো যথেষ্ট দ্রুত ঘটছে না, বিশেষ করে টিকার নিম্ন কভারেজ রয়েছে এমন কমিউনিটিগুলোতে।

স্টেটের স্বাস্থ্য বিভাগ (Department of Health) দেশের নেতৃস্থানীয় অধ্যয়নগুলো সম্পন্ন করেছে, যেগুলো CDC-এর MMWR ও নিউ ইংল্যান্ড জার্নাল অব মেডিসিন (New England Journal of Medicine) এ প্রকাশিত হয়েছে, যেগুলোতে কোভিড-19 এর টিকার কার্যকারিতা তুলে ধরা হয়েছে - বিশেষ করে গুরুতর রোগ প্রতিরোধ করার ক্ষেত্রে। ডিপার্টমেন্ট সব বয়সের উপযুক্ত নিউ ইয়র্কবাসীদের যথাশীঘ্র সম্ভব পুরোপুরিভাবে টিকা ও বুস্টার শট গ্রহণ করতে সনির্বন্ধ অনুরোধ জানিয়ে যাচ্ছে।

ভারপ্রাপ্ত স্বাস্থ্য কমিশনার ড. ম্যারি টি. ব্যাসেট বলেন, "ওমিক্রন ভ্যারিয়েন্ট ছড়িয়ে পড়তে শুরু করা এবং প্রবল প্রভাবসম্পন্ন ডেল্টা ভ্যারিয়েন্ট ছড়িয়ে পড়া অব্যাহত থাকার এই সময়ে, কমিউনিটিতে বিস্তার প্রতিরোধের জন্য কমিউনিটি-কেন্দ্রিক সমাধান আবশ্যক। আমাদের কাছে ভাইরাসের বিরুদ্ধে সুরক্ষিত থাকার মতো সরঞ্জাম রয়েছে - এবং এখন আমাদেরকে সেগুলো ব্যবহার করা নিশ্চিত করতে হবে। প্রত্যেক ব্যক্তির ব্যবহার করার মতো সরঞ্জাম লভ্য রয়েছে, এবং সরকার হিসেবে গ্রহণ করার মতো কিছু পদক্ষেপও রয়েছে। টিকা গ্রহণ করলে সেটি আপনাকে সুরক্ষিত রাখে, এবং মাস্ক পরিধান করার মাধ্যমে আমরা একে

অপরকে আরো ভালোভাবে সুরক্ষিত রাখতে পারি। কোভিড-19 এর এই শীতকালীন সংক্রমণ বৃদ্ধির গতি কমিয়ে আনতে টিকা গ্রহণ ও মাস্ক পরিধান করা উভয়টিই প্রয়োজন।"

এই পদক্ষেপ লঙ্ঘন করা হলে সব ধরনের দেওয়ানি ও ফৌজদারি দণ্ড প্রযোজ্য হবে, যার মধ্যে প্রতিটি লঙ্ঘনের ঘটনায় সর্বোচ্চ 1,000 ডলার জরিমানা অন্তর্ভুক্ত রয়েছে। স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলোকে এসব বাধ্যবাধকতা বাস্তবায়ন করতে বলা হচ্ছে।

ব্যবসা প্রতিষ্ঠান/ভেন্যুর জন্য টিকার পুরো কোর্স গ্রহণের প্রমাণ দেখানোর বাধ্যবাধকতা

যেসব ব্যবসা প্রতিষ্ঠান ও ভেন্যু টিকা গ্রহণের প্রমাণ দেখানোর বাধ্যবাধকতা বাস্তবায়ন করবে তারা এক্সেলসিয়র পাস, এক্সেলসিওর পাস প্লাস, নিউ ইয়র্ক স্টেটের বাইরে ইস্যু করা স্মার্ট হেলথ কার্ড (SMART Health Cards), অথবা CDC ভ্যাকসিনেশন কার্ড (CDC Vaccination Card) গ্রহণ করতে পারে। CDC-এর পুরোপুরিভাবে টিকাপ্রাপ্ত হওয়ার সংজ্ঞা অনুযায়ী, পুরোপুরিভাবে টিকাপ্রাপ্ত হওয়া বলতে কোনো ব্যক্তির প্রাথমিক টিকা গ্রহণের সিরিজে টিকার শেষ ডোজ গ্রহণের পরে 14 দিন অতিবাহিত হওয়াকে বুঝায় (দুই-ডোজের ফাইজার-বায়োএনটেক বা মডার্না টিকার ক্ষেত্রে দ্বিতীয় ডোজের পরে 14 দিন; এবং এক-ডোজের জ্যানসেন/জনসন এন্ড জনসন টিকার ক্ষেত্রে এক ডোজের পরে 14 দিন)। এসব উদ্দেশ্যে স্টেট WHO অনুমোদিত টিকাগুলোও গ্রহণ করে থাকে। বাবা-মা ও অভিভাবকরা শিশুদের বা আইনি অভিভাবকত্বের অধীনে থাকা অপ্রাপ্তবয়স্কদের জন্য এক্সেলসিয়র পাস এবং/অথবা এক্সেলসিওর পাস প্লাস সংগ্রহ করে সংরক্ষণ করতে পারবেন।

ব্যবসা প্রতিষ্ঠান/ভেন্যুতে মাস্ক পরিধানের বাধ্যবাধকতা

যেসব ব্যবসা প্রতিষ্ঠান ও ভেন্যু মাস্ক পরিধান করার বাধ্যবাধকতা বাস্তবায়ন করছে তাদেরকে অবশ্যই দুই বছর ও তার বেশি বয়সের সব গ্রাহক যাতে ভবনের ভেতরে থাকা অবস্থায় মাস্ক পরিধান করে তা নিশ্চিত করতে হবে।

মাস্ক পরিধানের বাধ্যবাধকতা অব্যাহত রাখা

টিকা গ্রহণ না করা ব্যক্তিরা ফেডারেল CDC নির্দেশনা অনুযায়ী মাস্ক পরিধান করা অব্যাহত রাখতে দায়বদ্ধ থাকবেন। এছাড়াও, CDC-এর নির্দেশনা অনুযায়ী স্টেটের মাস্ক পরিধান করার এই বাধ্যবাধকতা প্রি-কিন্ডারগার্টেন থেকে গ্রেড 12 স্কুল, গণপরিবহন, গৃহহীনদের আশ্রয়কেন্দ্র, সংশোধন কেন্দ্র, নার্সিং হোম, এবং স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোতে কার্যকর থাকবে।

নিউ ইয়র্ক স্টেট এবং স্টেটের স্বাস্থ্য বিভাগ সুরক্ষার একটি বাড়তি স্তর হিসেবে ভবনের ভেতরে জনসমাগমের সব জায়গায় মাস্ক-পরিধান করার জন্য জোরালোভাবে পরামর্শ দিচ্ছে। 2 - 5 বছর বয়সী শিশুরা টিকা গ্রহণের জন্য অনুপযুক্ত রয়ে গেছে, তাদেরকে অবশ্যই যথাযথ ফিটিংসম্পন্ন মাস্ক পরতে হবে।

কোভিড-19 এর টিকা ও বুস্টার ডোজ স্টেটব্যাপী বিনামূল্যে ব্যাপকভাবে লভ্য রয়েছে। কাছাকাছি কেন্দ্রগুলো খুঁজে নিতে নিউ ইয়র্কবাসীরা vaccines.gov ওয়েবসাইটে যেতে পারেন, তাদের জিপ কোড লিখে 438829 নম্বরে টেক্সট করতে পারেন, অথবা 1-800-232-0233 নম্বরে ফোন করতে পারেন। স্টেটের পরিচালনাধীন কোনো গণ টিকাদান কেন্দ্রে অ্যাপয়েন্টমেন্ট নিতে, নিউ ইয়র্কবাসীরা আমি কি যোগ্য (Am-I-Eligible) সাইটে ভিজিট করতে পারেন। এছাড়াও নিউ ইয়র্কবাসীরা তাদের স্বাস্থ্যসেবা প্রদানকারী, কাউন্টির স্বাস্থ্য বিভাগ, ফেডারেল যোগ্যতাসম্পন্ন স্বাস্থ্য কেন্দ্র (FQHC), গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্র, বা ফার্মেসিগুলোতে যোগাযোগ করতে পারেন।

নিউ ইয়র্কবাসীরা তাদের এক্সেলসিয়র পাস অথবা এক্সেলসিওর পাস প্লাস এখান থেকে সংগ্রহ করতে পারবেন। ব্যবসা প্রতিষ্ঠান ও ভেন্যুগুলো এক্সেলসিয়র পাস স্ক্যানার অ্যাপ ডাউনলোড করে নিতে পারেন—যা দেশব্যাপী যেকোনো ব্যবসা প্রতিষ্ঠানের জন্য বিনামূল্যে এবং দশটিরও বেশি ভাষায় পাওয়া যাবে—এখানে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন